



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-০৩১

বঙ্গবন্ধুর আদর্শ কর্মে পরিণত করতে হবে: খাদ্যমন্ত্রী

রাজশাহী; ৩১ শ্রাবণ (১৫ আগস্ট):

খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার বলেছেন, ১৫ আগস্ট জাতির শ্রেষ্ঠ সম্পদ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে আমরা হারিয়েছি। শোষকের হাত থেকে দেশ মাতৃকার মুক্তির জন্য তিনি আজীবন সংগ্রাম করে গেছেন। তিনি স্বপ্ন দেখেছিলেন সোনার বাংলা গড়ার, আমাদেরকে তাঁর আদর্শ কর্মে পরিণত করতে হবে।

আজ মঙ্গলবার সকালে নওগাঁ সদর উপজেলা পরিষদ মিলনায়তনে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আলোচনা সভা, যুব চেক ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

সাধন চন্দ্র মজুমদার বলেন, বঙ্গবন্ধুকে শুধু আলোচনার টেবিলে আবদ্ধ রাখলে চলবে না। তাঁর আদর্শকে কর্মে পরিণত করতে হবে। জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা গড়তে সকলকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করার আহ্বান জানান তিনি।

খাদ্যমন্ত্রী বলেন, সংবিধান কেটে ছিঁড়ে ইনডেমনিটি আদেশ জারি করে জাতির পিতার হত্যাকাণ্ডের বিচারের পথ বন্ধ করা হয়েছিল। এ কাজটি যারা করেছিল বাঙালি জাতি তাদের ঘৃণা করে। খুনিদের পুরস্কৃত করেছে জিয়াউর রহমান, কাউকে এমপি, কাউকে মন্ত্রী আবার কাউকে বিদেশে রাষ্ট্রদূত করেছিল। দীর্ঘ একুশ বছর বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ শুনতে দেওয়া হয়নি। ওই সময়ে জন্ম নেওয়া শিশু কিশোরদের ভুল ইতিহাস শেখানো হয়েছে। এসময় তিনি নতুন প্রজন্মকে স্বাধীনতার প্রকৃত ইতিহাস জেনে দেশপ্রেমে উদ্বুদ্ধ হওয়ার আহ্বান জানান।

তিনি আরও বলেন, তলাবিহীন ঝুড়ি থেকে বাংলাদেশকে উন্নত দেশে পরিণত করেছেন জাতির পিতার সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সারাদেশে দৃশ্যমান উন্নয়ন হয়েছে।

নওগাঁর জেলা প্রশাসক মো: গোলাম মওলা এর সভাপতিত্বে অনুষ্ঠানে পুলিশ সুপার মো: রাশেদুল হক, সিভিল সার্জন ডা. আবু হেনা মোহাম্মদ রায়হানুজ্জামান সরকার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক আবুল কালাম আজাদ প্রমুখ বক্তব্য রাখেন।

এর আগে মন্ত্রী নওগাঁ জেলা আওয়ামী লীগ কার্যালয়ে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানান।

.....

তৌহিদ/সিকান্দার/রুহুল/২০২৩/১৬.১০ঘ.